

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৮৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০১. যে ব্যক্তি কাতারে না পৌছেই রুকু' করে

باب الرَّجُلِ يَرْكَعُ دُونَ الصَّفِّ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ، أَخْبَرَنَا زِيَادُ الأَعْلَمُ، عَنِ الْحَسَنِ، أَنَّ أَبَا بَكْرَةَ، جَاءَ وَرَسُولُ اللهِ رَاكِعٌ فَرَكَعَ دُونَ الصَّفِّ ثُمَّ مَشَى إِلَى الصَّفِّ فَلَمَّا قَضَى النَّبِيُّ صلي الله عليه وسلم صَلَاتَهُ قَالَ " أَيُّكُمُ الَّذِي رَكَعَ دُونَ الصَّفِّ ثُمَّ مَشَى إِلَى الصَّفِّ ". فَقَالَ الله عليه وسلم " زَادَكَ اللهُ حِرْصًا وَلَا تَعُدْ ".

_ صحيح

বাংলা

৬৮৪। হাসান (রহঃ) সূত্রে বর্ণিত। একদা আবূ বকরা (রাঃ) (মসজিদে) এসে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে রুকু'তে পেলেন। তিনি কাতারে না পৌঁছেই রুকু' করলেন, তারপর কাতারে শামিল হওয়ার জন্য অগ্রসর হলেন। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সালাত শেষ করে বললেনঃ তোমাদের মধ্যকার কে কাতারে পৌঁছার পূর্বেই রুকু' করেছে এবং পরে কাতারে শামিল হওয়ার জন্য অগ্রসর হয়েছে? আবূ বকরা (রাঃ) বললেন, আমি। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আল্লাহ তোমার আগ্রহ আরো বাড়িয়ে দিন। তবে পুনরায় এরূপ করো না।[1]

সহীহ।

English

Al-Hasan reported:

Abu Bakrah came when the apostle of Allah (ﷺ) was bowing. So he bowed without the row (before joining it). He then went to the row. When the prophet (ﷺ) finished his prayer, he said: which of your bowed without the



row, and then went to the row? Abu Bakrah said; it was i. the prophet (ﷺ) said: May Allah increase your eagerness! but do not do it again.

ফুটনোট

[1] আহমাদ (৫/৪৬), 'আব্দুর রাজ্জাক সূত্রে... হাসান থেকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন